

দুরন্ত মেয়েগুলো

একটা মেয়ে ডুব দিয়েছেজলে,
একটা মেয়ে হলুদ ডুরেশাড়ি---
একটা মেয়ে ভীষণ লাজুকবুকে
সাজিয়ে রাখে ছড়ানো ঘরবাড়ি।

একটা মেয়ে বন্য পাখিরদল,
গভীরে কোন পাহাড়ঘেরা বনে---
অন্যটি হয় ভরা দীঘির জল
চেউ দিয়ে যায় হাওয়ায়সংগোপনে।

শুকনো মাটি বৃষ্টিখুঁজে খুঁজে
একটা মেয়ে আকাশ হয়েকাঁদে,
আরেকটি সে আগুনছুঁয়েছিল---
হারিয়ে গেছে দুরজোহানাবাদে।

খুঁজছ ওদের কাব্য লেখারছলে ?
সত্যিকথা বলছি কবি,শোনো---
তোমার ওপর রাগকরেছে ওরা
তোমার কাছে আসবে নাকক্ষনো।

হঠাৎ করে অনেক রাতেযদি
ঘুম ভেঙে যায় হাওয়ারদীর্ঘাসে,
দেখবে তুমি সেসবমেয়েগুলো
ঘুমিয়ে আছে চাঁদেরচারিপাশে।

ঋতুপর্ণগোস্বামী

